

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫

আগরতলা, ১ এপ্রিল, ২০২৪

উৎকল দিবস-২০২৪ উদযাপন

ওড়িশার ঐতিহ্য, সংস্কৃতি ও শিল্পকলার সুখ্যাতি দেশ বিদেশে সমাদৃত : রাজ্যপাল  
মুক্তধারা অডিটোরিয়ামে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ওড়িশা রাজ্যের প্রতিষ্ঠা  
দিবস উপলক্ষে ‘উৎকল দিবস’ পালন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু এই  
অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ‘চাকাদোলা’ নামে একটি স্মরণিকার আবরণ  
উন্মোচন করেন। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেন, উৎকল  
উৎসবে অংশ নিতে পেরে তিনি আনন্দিত। রাজ্যপাল বলেন, ওড়িশার ঐতিহ্য, সংস্কৃতি  
ও শিল্পকলার সুখ্যাতি দেশ বিদেশে সমাদৃত। তিনি ওড়িশার শিক্ষা পরিকাঠামো, ওড়িশি  
নৃত্যকলা, পুরীর জগন্নাথ মন্দির, কোনারকের সূর্য মন্দির, চিন্তা হৃদ, শিমলি পাল ন্যাশনাল  
পার্কের বিশেষত্বের কথাও তুলে ধরেন।

উৎকল দিবস অনুষ্ঠানে বক্তব্য রাখেন ওড়িশা সমাজ ত্রিপুরার মুখ্য পৃষ্ঠপোষক ড.  
এস কে প্রতিহারি। তিনি সংগঠনের গ্রন্থাগারের বই কেনার জন্য ২০ হাজার টাকা দান করেন।  
অনুষ্ঠানের উদ্যোক্তা ওড়িয়া সমাজ ত্রিপুরা-র সচিব প্রফেসর আর কে মহাপাত্র সংগঠনের  
প্রতিবেদন উপস্থাপন করেন। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি বিষ্ণুচরণ পতি।  
ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ড. শরৎ কুমার দাস। উৎকল দিবস উদযাপন উপলক্ষে মনোজ্ঞ  
সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

\*\*\*\*\*